



'Key Performance Indicator: JnU Perspective' শীর্ষক ট্রেনিং অনুষ্ঠিত



৯ অক্টোবর ২০২৩-সোমবার IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে 'Key Performance Indicator: JnU Perspective' শীর্ষক ট্রেনিং অনুষ্ঠিত হয়। উদ্বোধনী সেশনে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বলেন, “বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকলকে আঞ্চলিকতা পরিহার করে এক হয়ে কাজ করতে হবে। আর সামাজিক যোগাযোগ মাধ্যমে স্পর্শকাতর ও মানহানিকর হয় এধরনের মন্তব্য না করাটাই সবার জন্য শ্রেয় হবে।”

IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. আইন-উল হুদার সভাপতিত্বে ট্রেনিং প্রোগ্রামে বিশেষ অতিথি হিসেবে ছিলেন রেজিস্ট্রার প্রকৌশলী মো: ওহিদুজ্জামান।

স্বাগত বক্তব্য প্রদান করেন IQAC এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো: সারোয়ার আলম এবং মডারেটর হিসেবে দায়িত্ব পালন করেন অতিরিক্ত পরিচালক ড. মো: রফিকুল ইসলাম।

রিসোর্স পার্সন হিসেবে ছিলেন ম্যানেজমেন্ট স্ট্যাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. মিরাজ হোসেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



আজকের ট্রেনিং-এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তরের সকল ডেপুটি রেজিস্ট্রার, উপ-পরিচালক, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ও উপ-গ্রন্থাগারিক বা সমমান এবং তদুর্ধ্ব কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।